

# সমাজের অর্থনৈতিক ও সামাজিক দায়বদ্ধতায় ব্রেনওয়ারের কনফারেন্স

নিজস্ব প্রতিবেদন, বারাসত: আইনের শিক্ষার্থীদের মানোন্নয়নের পাশাপাশি বিনামূল্যে আইনি পরিষেবা দিচ্ছে বারাসত ব্রেনওয়ার ইউনিভার্সিটি। শনিবার বারাসতের নিজস্ব ক্যাম্পাসে এক ইউনিভার্সিটির স্কুল অফ ল'র উদ্যোগে একটি কনফারেন্সে হয়। সেখানে বিভিন্ন প্রাক্তন বিচারপতি ও আইনের প্রথিতযশা বিশেষজ্ঞরা আইনের বিভিন্ন দিক নিয়ে শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন। বর্তমান সময়ে আইনের যে পরিবর্তন হয়ে সে বিষয়েও আলোকপাত করেন।

পাশাপাশি বিনামূল্যে আইনি পরিষেবা দিয়ে সমাজের অর্থনৈতিক ও সামাজিক ভাবে দুর্বল মানুষদের পাশে কি ভাবে দাঁড়ানো যায় সে বিষয়েও বিস্তারিত আলোচনা করেন। বিভাগীয় প্রধান ডঃ কৌশিক ব্যানার্জি জানান, ইতিমধ্যেই ব্রেনওয়ার ইউনিভার্সিটিতে পড়ুয়া আইনি শিক্ষার্থী ও কর্মকর্তাদের হস্তক্ষেপে আড়াইশোর বেশির



মানুষকে বিনামূল্যে আইনি পরিষেবা দেওয়া হয়েছে। এছাড়া এই শিক্ষাপ্রতিষ্ঠান সমাজের ও দরীদ্র প্রতিভাবান ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষার জন্য বিনামূল্যে একাধিক প্রশিক্ষণ চালু করেছে।

ইউনিভার্সিটি রেজিস্টার মহুয়া পাল বলেন, 'প্রতিবছরই আমরা এমন কনফারেন্স করে থাকি। এবছরও তার ব্যতিক্রম হয়নি। এই কনফারেন্সের মধ্যদিয়ে শিক্ষার্থীদের প্রভূত উপকার হবে।'